

## না. গঞ্জে ছাত্রীর আত্মহনন পরীক্ষায় নকল করার সত্যতা মেলেনি

নারায়ণগঞ্জ প্রতিনিধি >

নারায়ণগঞ্জ গণবিদ্যা নিকেতন কলে শিক্ষকের চপেটাঘাতের অপমানে আত্মহত্যাকারী ছাত্রী উম্মে হাবিবা শ্রাবণী (১৫) পরীক্ষায় অসদুপায় (নকল) অবলম্বন করেনি বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়ের তদন্ত কমিটি। কোনো ধরনের যাচাই-বাছাই ছাড়াই ওই ছাত্রীকে নকলের দায়ে পরীক্ষাকেন্দ্র থেকে বহিষ্কার ও চপেটাঘাত করা হয়েছে বলেও জানিয়েছেন তদন্ত কমিটির সদস্যরা। এদিকে গতকাল রাতে নারায়ণগঞ্জ মডেল থানায় ওই ছাত্রীর বাবা মামলা করেছেন।

সোমবার দুপুর ১টার দিকে নারায়ণগঞ্জের নিতাইগঞ্জ ছালাপাড়া এলাকায় শ্রাবণীর বাসায় যান তদন্ত কমিটির প্রধান মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক অধ্যাপক মো: এলিয়াস, সহকারী পরিচালক আব্দুল খালেক ও জেলা শিক্ষা কর্মকর্তা আব্দুস সামাদ। এ সময় তাঁরা ছাত্রীর মা, দুই ভাইসহ প্রতিবেশীদের সঙ্গে কথা বলেন।

এ ব্যাপারে মো. এলিয়াস বলেন, 'ছাত্রীর আত্মহত্যার ঘটনায় শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষকদের পক্ষ থেকে দুঃখ প্রকাশ করছি। আমরা বিভিন্ন তথ্য নিয়েছি।' উল্লেখ্য, গত বৃহস্পতিবার শহরের গণবিদ্যা নিকেতনে পদার্থবিজ্ঞান পরীক্ষা চলাকালে নকলের দায়ে উম্মে হাবিবা শ্রাবণীকে কুলের খণ্ডকালীন শিক্ষক কামরুল হাসান ঘুরা উপর্যুপরি চড়-ধাঙ্গড় মারেন এবং গালমন্দ করেন। পরে তাকে পরীক্ষা থেকে বহিষ্কার করা হয়। অপমান সহ্য করতে না পেরে আত্মহত্যা করে শ্রাবণী।